গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশিক্ষণ পরিচালনা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.১৮.০০০২.২৬.৯

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **Foreign Language and Skills Centre এ আগামী ০১/০২/২০২৬ ইং তারিখ হতে অনলাইনে সান্ধ্যকালীন ইংরেজি, জাপানিজ এবং জার্মান ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম শুরু এবং ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: Foreign Language and Skills Centre হতে ২০/০১/২০২৫ খ্রি. তারিখে প্রেরিত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র আওতাধীন ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (DTTTI)-এ অবস্থিত Foreign Language and Skills Centre এ আগামী ০১/০২/২০২৬ ইং তারিখ হতে অনলাইনে সান্ধ্যকালীন ইংরেজি, জাপানিজ এবং জার্মান ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম শুরু এবং এতদসংক্রান্ত ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হল।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) FLSC-Admission Circular-1st Batch

২২-০১-২০২৬
প্রকৌঃ মোঃ সালাহ উদ্দিন
পরিচালক

মোসাঃ শরীফা সুলতানা
পরিচালক, Foreign Language and Skills Centre, ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (DTTTI), মিরপুর, ঢাকা।

**স্মারক নম্বর:** ৪৯.০১.০০০০.০০০.০০০.১৮.০০০২.২৬.৯/১ (১১)

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জনাব জিয়া হাসান, পলিসি অ্যাডভাইজার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। পরিচালক, প্রশিক্ষণ মান ও পরিকল্পনা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৪। পরিচালক, প্রশাসন ও অর্থ, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৫। অধ্যক্ষ, ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (DTTTI), মিরপুর, ঢাকা।
৬। অধ্যক্ষ, আইএমইটি (সকল) ((আইএমটি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
ফরেন ল্যাংগুয়েজ এন্ড স্কীলস সেন্টার
টিটিটিআই ক্যাম্পাস, টেকনিক্যাল মোড়, মিরপুর রোড, দারুস-সালাম, ঢাকা

## অনলাইন পদ্ধতিতে ইংরেজি, জাপানিজ ও জার্মান ভাষা শিক্ষা কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি (১ম ব্যাচ)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র অধীনস্থ ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (টিটিটিআই)-এ অবস্থিত ফরেন ল্যাংগুয়েজ এন্ড স্কীলস সেন্টার (এফএলএসসি) এর আওতায় সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে ইংরেজি, জাপানিজ ও জার্মান ভাষা শিক্ষা কোর্সের ১ম ব্যাচের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত তথ্যাদি/শর্ত প্রতিপালন সাপেক্ষে ভর্তির জন্য অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### ভর্তির শর্তাবলী:

| | | |
|---|---|---|
| ১ | ভর্তির যোগ্যতা | ন্যূনতম এসএসসি/সমমান পাশ |
| ২ | বয়স | ১৮-৪০ বছর |
| ৩ | আসন সংখ্যা | প্রতি কোর্সে ৫০ টি। আবেদনের ক্রমধারা অনুযায়ী প্রতি কোর্সে প্রথম ৫০ জন ভর্তির জন্য বিবেচিত হবেন। |
| ৪ | কোর্স ফি | ইংরেজি: ১০০০/-<br>জাপানিজ: ১৫০০/-<br>জার্মান: ১৫০০/- |
| ৫ | ক্লাসের সময় | সন্ধ্যা ৬.০০-৯.০০ টা (রবিবার থেকে বৃহস্পতিবার) |
| ৬ | কোর্সের মেয়াদ | ইংরেজি: ৩ মাস<br>জাপানিজ: ৩ মাস<br>জার্মান: ৩ মাস |
| ৭ | অনলাইনে আবেদন গ্রহণ | ২৫/০১/২০২৬ খ্রিঃ থেকে ৩০/০১/২০২৬ খ্রিঃ বিকেল ৫.০০ ঘটিকা পর্যন্ত |
| ৮ | অনলাইনে আবেদন পদ্ধতি | ভর্তির নিমিত্ত নিম্নলিখিত লিঙ্ক ব্যবহার করে আবেদন সম্পূর্ণ করতে হবেঃ<br>Online link: http://e-learning.oep.gov.bd/ এ গিয়ে Enroll Now তে ক্লিক করুন। |
| ৯ | নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | ৩১/০১/২০২৬ খ্রিঃ (নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।) |
| ১০ | ক্লাশ শুরু | ইংরেজি, জাপানিজ, জার্মান: ০১/০২/২০২৬ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০ টা হতে। |
| ১১ | প্রয়োজনীয় কাগজপত্র | ক) এসএসসি/এইচএসসি এর শিক্ষাগত যোগ্যতার সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ<br>গ) পাসপোর্ট সাইজের ছবি |

বিশেষ দ্রষ্টব্যঃ একজন প্রশিক্ষণার্থী একইসাথে চলমান শুধুমাত্র একটি ভাষা প্রশিক্ষণে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। প্রশিক্ষণ শেষে সরকারি সনদ প্রদান করা হবে।

যোগাযোগঃ ০১৮১৮৪৯৬৬৬৩ – মোঃ সাইফুল ইসলাম শামীম (আইটি এক্সপার্ট, এফএলএসসি)

মোসাঃ শরিফা সুলতানা
পরিচালক
ফরেন ল্যাংগুয়েজ এন্ড স্কীলস সেন্টার
টিটিটিআই ক্যাম্পাস, মিরপুর রোড, ঢাকা।
e-mail: dirflsc.bmet@gmail.com

CamScanner